

**“উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি” সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মঈনুল হক  
উপজেলা নির্বাহী অফিসার  
নগরকান্দা, ফরিদপুর।

তারিখ : ২০/০৯/২০২৩ খ্রিস্টাব্দ  
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নগরকান্দা, ফরিদপুর।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর :

ক্র/নং	নাম	পদবী	মোবাইল নম্বর	ই-মেইল	স্বাক্ষর
০১	মোঃ হুম্ম শেখ	ভাইস চেয়ারম্যান	০১৭৮৯৪৯৬১৩৫		স্বাক্ষরিত
০২	তিলোক কুমার ঘোষ	ইউএও	০১৭০০৭১৫৭৩৩	uaonagarkanda@dae.gov.bd	স্বাক্ষরিত
০৩	ডাঃ মোহাম্মদ সাইফুল ইসলাম	ইউ.এল.ও	০১৭৪৩৮০৩৪৯৩	ulonagarkanda@gmail.com	স্বাক্ষরিত
০৪	মোঃ ইকবাল কবির	PIO	০১৭১৬৩০৬৮৯১		স্বাক্ষরিত
০৫	মিয়া মোঃ আরিফুল আজম	URDO, BRDB	০১৭২১৫৬৯১৬৮		স্বাক্ষরিত
০৬	আবদুল্লাহিল আবরার	UFO	০১৫২১২৫৫৪৪০		স্বাক্ষরিত
০৭	মোঃ আবুল খায়ের	কৃষক প্রতিনিধি	০১৭২৯৪৬৪২৯৫		স্বাক্ষরিত

**আলোচ্য বিষয়ঃ**

- ২০২৩-২৪ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, চিনাবাদাম, মসুর, মুগ, শীতকালীন পেঁয়াজ ও খেসারী  
আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ইউনিয়ন ভিত্তিক বীজ ও সার বিভাজন প্রসঙ্গে।
- বিবিধ।

অধ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, নগরকান্দা, ফরিদপুর এর সভাপতিত্বে শুরু হয়। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব তিলোক কুমার ঘোষ, উপজেলা কৃষি অফিসার, নগরকান্দা, ফরিদপুরকে আলোচ্য বিষয় ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সদস্য সচিব সভাকে জানান যে, বিগত বছরের ন্যায় এ বছরও সরকার কৃষকদের জন্য কৃষি প্রণোদনা কর্মসূচী গ্রহণ করেছেন। উক্ত কর্মসূচীর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, চিনাবাদাম, মসুর, মুগ, শীতকালীন পেঁয়াজ ও খেসারী উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচী গ্রহণ করেছেন এবং বরাদ্দ পাওয়া গিয়েছে। কর্মসূচী বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক বিভাজন প্রয়োজন। ইউনিয়ন ভিত্তিক বিভাজনের ক্ষেত্রে ভূ-প্রকৃতি, জনসংখ্যা, আবাদি জমি ও ফসল চাষের সম্ভাবনা ইত্যাদি বিষয়ের প্রতি গুরুত্ব দিতে সদস্য সচিব সম্মানিত সদস্যদের প্রতি অনুরোধ জানান।

তিনি আরও জানান যে, সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা ইউনিয়ন পর্যায়ে কেবল মাত্র ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষি প্রণোদনা কর্মসূচির জন্য অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচিত করবেন এবং নির্বাচিত কৃষকদের তালিকা যথাযথ প্রক্রিয়ায় উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করবেন।

তিনি কর্মসূচির বিবরণ তুলে ধরেন। একটি কৃষক পরিবার ৩৩ শতক জমিতে চাষের জন্য নিম্ন বর্ণিত হাবে সহায়তা পাবেন।

ক্র/নং	ফসলের নাম	বরাদ্দের পরিমাণ (কেজি)	ডিএপি সার (কেজি)	এমওপি সার (কেজি)	মন্তব্য
০১	গম	২০	১০	১০	
০২	ভুট্টা	২	২০	১০	
০৩	সরিষা	১	১০	১০	
০৪	চিনাবাদাম	১০	১০	০৫	
০৫	মসুর	০৫	১০	০৫	
০৬	মুগ	০৫	১০	০৫	
০৭	শীতকালীন পেঁয়াজ	১	১০	১০	
০৮	খেসারী	০৮	১০	০৫	

সদস্য সচিব কৃষি প্রণোদনা কর্মসূচী সূষ্ঠাভাবে বাস্তবায়ন পূর্বক সরকারের গৃহিত কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্য অর্জনে সকলকে সহায়তা করার জন্য আহবান জানান।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়ঃ**

**সিদ্ধান্ত : ০১**

ক্র/নং	ইউনিয়নের নাম	রবি মৌসুমে (জন/বিঘা)								মোট
		গম	ভুট্টা	সরিষা	চিনাবাদাম	মসুর	মুগ	শীতকালীন পেঁয়াজ	খেসারী	
	পরিষদ	৩০	৫	৪০	-	-	-	২০	-	৯৫
১	পৌরসভা	৫০	৫	৫০	৫	-	-	২৫	১০	১৪৫
২	কোদালিয়া শহীদনগর	৪০	৫	৬০	৫	-	-	৩৫	১০	১৫৫
৩	কাইচাইল	৪০	৫	১০০	৫	১০	-	৩০	-	১৯০
৪	ফুলসূতী	৪০	৫	৫০	৫	-	-	১৫	১০	১২৫
৫	রামনগর	২০০	৩৫	২০০	৫	১০	৩০	৫	-	৪৮৫
৬	পুরাপাড়া	৩০	৫	৭০	৫	১০	-	৫০	-	১৭০
৭	চরযশোরদী	৫০	৫	১৫০	৫	-	-	৭০	১০	২৯০
৮	ডাংগী	১৫০	১৫	২৫০	৫	১০	১০	১০	-	৪৫০
৯	তালমা	১২০	১০	১২০	৫	১০	১০	৪০	-	৩১৫
১০	লক্ষরদিয়া	৫০	৫	১১০	৫	-	-	৫০	১০	২৩০
	মোট :	৮০০	১০০	১২০০	৫০	৫০	৫০	৩৫০	৫০	২৬৫০

উপরোক্ত বিভাজন মোতাবেক প্রকৃত কৃষকদের অগ্রাধিকার তালিকা প্রনয়ন পূর্বক সংশ্লিষ্ট এসএএও দাখিল করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে সভাপতি কর্তৃক নির্ধারিত দিনে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়ের তত্ত্বাবধানে উপকরণসমূহ সরাসরি কৃষকদের নিকট উপজেলা পরিষদ থেকে বিতরণ করার ব্যবস্থা নিবেন।

**সিদ্ধান্ত : ০২**

কৃষকদের অগ্রাধিকার তালিকা প্রাপ্তি সাপেক্ষে প্রণোদনা মালামাল বিতরণের জন্য কমিটির সভাপতি মহোদয়ের মাধ্যমে মাননীয় সংসদ সদস্য, ফরিদপুর-২ ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নগরকান্দা মহোদয়ের সাথে যোগাযোগ করে বিতরণের তারিখ নির্ধারন করবেন।

**সিদ্ধান্ত : ০৩**

কৃষি প্রণোদনার যাবতীয় কর্নকাল সমন্বয়ের জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার মহোদয়কে দায়িত্ব প্রদান করা হয়।

অন্তঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ মঈনুল হক)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি  
নগরকান্দা, ফরিদপুর।

  
উপজেলা নির্বাহী অফিসার  
নগরকান্দা, ফরিদপুর।